82

দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB 6 ... 1999
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# বইমেলা প্রতিদিন

## প্রথম দিনেই দর্শকদের বেশ ভিড় ঃ মেলায় অনেক নতুন বই

**গিয়াসউদ্দিন রিমান ॥** প্রথম [illegible] জমে উঠেছে বইমেলা। বাংলা একাডেমী প্রাঙ্গণ মুখরিত হয়ে উঠেছে লেখক-পাঠক-দর্শকদের পদচারণায়। বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলায় ছিল বেশ ভিড়। একুশে বইমেলার প্রথম দিন গতকাল (শুক্রবার) ছুটির দিন হওয়ায় বিপুলসংখ্যক মানুষ মেলায় যায়। তারা মেলার স্টলে স্টলে ঘুরে নতুন বইয়ের খোঁজ-খবর নেন। নতুন বই উল্টে পাল্টে দেখেন। অন্যান্যবার প্রথম দিনে মেলায় বই বিক্রি খুব কম হলেও এবার তার ব্যতিক্রম ঘটেছে। গতকাল বেশ কিছু বই বিক্রি হয়েছে। প্রথম দিনে মেলায় কতগুলো নতুন বই এসেছে তার সঠিক হিসাব পাওয়া যায়নি বাংলা একাডেমীর জনসংযোগ বিভাগের কর্মকর্তাদের অবহেলার কারণে। সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের বিকেলে মেলার তথ্য কেন্দ্র ও ইন্টারনেটে মেলার সংবাদ উদ্বোধন করার পরই তথ্য কেন্দ্র বন্ধ হয়ে যায়। একাডেমী কর্মকর্তারা না-কি গতকাল ক্লান্ত ছিলেন, তাই আজ থেকে তথ্য-কেন্দ্র চালু হবে। তবে জানা যায়, গতকাল প্রায় ১শ'টি নতুন বই নিয়ে প্রকাশকরা মেলায় এসেছেন। এরমধ্যে উল্লেখযোগ্য হচ্ছে— হুমায়ূন আহমদের উপন্যাস 'রূপার পালংক', ইমদাদুল হক মিলনের 'নূরজাহান', মুহম্মদ হাবিবুর রহমানের 'বং বঙ্গ বাংলা বাংলাদেশ', আল-মাহমুদের 'দিনযাপন', শামসুর রাহমানের সম্পাদিত 'একুশের কবিতা' ও হুমায়ুন আজাদের 'নির্বাচিত প্রবন্ধ'।

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

# বইমেলা প্রতিদিন

প্রথম পৃষ্ঠার পর

গতকাল দুপুরে প্রধানমন্ত্রী মেলা পরিদর্শনের পর ছাত্র-ছাত্রীরা মেলায় যায়। মেলায় কেবল প্রধানমন্ত্রী যে পথে হেঁটেছেন বাংলা একাডেমী সেই পথই পরিষ্কার করেছে। পুকুরপাড়ে ছিল আবর্জনা, স্টল নির্মাণসামগ্রী। মেলা প্রাঙ্গণে বেশ ধুলি উড়ে। গতকাল মেলায় বড় স্ক্রীনে 'একুশের একুশ' নামে একটি এনিমেশন ফিল্ম দেখানো হয়।